22/8/2007
তারিখ ......
পৃঃ 8 কলাম 2...
ভোরের কাগজ

# বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আ কা আজাদের বক্তব্যের প্রতিবাদ

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ (বর্তমান শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদের আহ্বায়ক) গত ৪ আগস্ট এক প্রতিনিধি সম্মেলনের আহ্বান করেন। সেখানে বিরোধীদলীয় নেত্রী (বিএনপি)কে আমন্ত্রণ জানিয়ে তার দলের সঙ্গে একাত্মতা ঘোষণা করেন। তিনি সাবেক প্রধানমন্ত্রী (আওয়ামী লীগের) নেত্রী শেখ হাসিনাকে কটাক্ষ করে বলেন, যে, এবার তছবিহ হাতে নিলেও আমরা শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী করবো না ইত্যাদি ইত্যাদি। আরো বলেন, আমার সঙ্গে ১৫ লাখ প্রাথমিক শিক্ষক রয়েছেন। আমি একজন প্রাথমিক শিক্ষক হয়ে সঙ্গত কারণে তার এ ধরনের উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যের প্রতিবাদ করছি।

প্রাথমিক শিক্ষক সংগঠন একটি অরাজনৈতিক সংগঠন। প্রাথমিক শিক্ষকগণ কেউই সরাসরি কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নয় বা প্রকাশ্যে রাজনীতি করেন না। তাই সমাজে সকল শ্রেণীর জনগণের শ্রদ্ধাভাজন হয়েই শিক্ষকতা করছেন। আবুল কালাম আজাদের এ বক্তব্যে শিক্ষক সমাজের শুধু মর্যাদা ক্ষুণ্ন করেননি, উপরন্তু তিনি শিক্ষক সমাজকে একটা দলীয় কোন্দলের দিকে ঠেলে দিচ্ছেন। আমার ধারণা আজাদ সাহেব প্রাথমিক শিক্ষকদের থেকে প্রত্যাখ্যাত হয়ে, সস্তা সমর্থন পাওয়ার লক্ষ্যে বিগত সরকারের বিদায়লগ্নে শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়ার কথা বলে, কর্মচারীদের সঙ্গে ঐক্য করে সমাবেশ দেখানোর জন্য আন্দোলনের ডক দেন। বিগত সরকারের যৌবনকালে কেন তিনি আন্দোলনের ডাক দেননি। আর এর কথামতো ১৫ লাখ প্রাথমিক শিক্ষক যদি তার সঙ্গে থেকেই থাকেন, তাহলে অন্য কর্মচারীদের সঙ্গে ঐক্য করার প্রশ্নই উঠে না। আজাদ সাহেব রাজনৈতিকভাবে ফায়দা লুটার জন্যই পক্ষপাতিত্বমূলক কথাবার্তা বলছেন।

আজাদ সাহেব হয়তো ধরেই নিয়েছেন যে, এবার বিএনপিই ক্ষমতায় আসবে। তাই রাতারাতি তাদের সঙ্গে একাত্মতা। ঝোপ বুঝে কোপ। শিক্ষক সমাজের কাছে আমার প্রশ্ন, যদি আওয়ামী লীগ সরকার জনগণের ম্যানডেট নিয়ে আবার সরকার গঠন করেন তখন সম্মানিত শিক্ষক সমাজের স্থান কোথায়? আজাদ সাহেব কি তখন আবার ভোলপাল্টাবেন?

এমতাবস্থায় বাংলাদেশের সকল শিক্ষক-শিক্ষিকার কাছে আমার আবেদন অধ্যাপক আবুল কালাম আজাদ সাহেবের এহেন উস্কানিমূলক ও উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যকে প্রত্যাখ্যান করুন, 'আমার ভোট আমি দেবো, যাকে খুশি তাকে দেবো' এ স্লোগান ধরে গণতন্ত্র চর্চার লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নির্বাচিত করে দেশ পরিচালনার গুরু দায়িত্ব অর্পণ করুন।

মোঃ ইকরামুল হক
সহ-শিক্ষক
সরাইপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়,
পাহাড়তলী, চট্টগ্রাম।